



তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড  
সাধারণ প্রশাসন শাখা

[www.titasgas.org.bd](http://www.titasgas.org.bd)

তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান  
বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১২১৫

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০১.২৩.১০৫০

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০

০১ অক্টোবর ২০২৩

### অফিস আদেশ

কোম্পানির সকল শ্রেণীর গ্রাহকের ভবিষ্যতে মিটার পরীক্ষণ বিষয়ক জটিলতা এড়ানো এবং রিডিং গ্রহণসহ মিটার পরীক্ষণে স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এতদবিষয়ে পেট্রোবাংলা কর্তৃক গঠিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসৃত হবেঃ

১। কোম্পানির বিপণন বিভাগসমূহ কর্তৃক পর্যায়ক্রমে তাদের অধীন সকল গ্রাহক নথি পর্যালোচনা করতঃ ইতোপূর্বে কোন ক্ষেত্রে অপসারিত মিটারের পরীক্ষণ না হয়ে থাকলে কিংবা মিটার পরীক্ষা করা হলেও পরীক্ষণ প্রতিবেদন অনুযায়ী যথাযথ ব্যবস্থা গৃহীত না হলে কিংবা এতদবিষয়ে ইতোপূর্বে কোন গ্রাহকের আবেদন/অভিযোগ নিষ্পত্তি না হয়ে থাকলে সে সকল ক্ষেত্রে স্ব-স্ব বিপণন বিভাগ কর্তৃক দ্রুত যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২। রিডিং গ্রহণের সময় অধিক সতর্কতা অবলম্বন করা এবং সঠিক সময়ে বিকল মিটার সনাক্ত করার জন্য মিটার রিডিং গ্রহণকারী কর্মকর্তাগণকে প্রয়োজনে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মিটার রিডিং গ্রহণ, বিল প্রস্তুতকরণ ও গ্রাহক বরাবরে প্রেরণের বিষয়ে গ্যাস বিপণন নিয়মাবলী-২০১৪ এর ধারা ৫.১ ও ৫.২ যথাযথ অনুসরণের বিষয়ে এবং নির্ধারিত সময়সীমার মধ্যে বিকল মিটার পরিবর্তন এবং পরীক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে বলে গণ্য হবে।

১-১০-২০২৩

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক

ফোন: ৫৫০১২৭০৯

ফ্যাক্স: ৮৮০-২-৮১৪২২৫০, ৮৮-২-৯১২০৫১৩

ইমেইল: [titasgas.adm@gmail.com](mailto:titasgas.adm@gmail.com)


নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০১.২৩.১০৫০/১(২৮৮)

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩০

০১ অক্টোবর ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) উপব্যবস্থাপনা পরিচালক/মহাব্যবস্থাপক (সকল)
- ২) উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
- ৩) উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল
- ৪) উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
- ৫) ব্যবস্থাপক (সাধারণ)- সকল
- ৬) ব্যবস্থাপক (হিসাব)- সকল
- ৭) ব্যবস্থাপক (কারিগরি)- সকল
- ৮) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
- ৯) সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড



১-১০-২০২৩

সারওয়াজ জাহান

উপমহাব্যবস্থাপক